# দিঘলিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৭)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৬ ডিসেম্বর ২০২৪, সোমবার

সময় : দুপুর ১২:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত নভেম্বর/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | নভেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: নভেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-/-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। তিনি বলেন যে, মশা মাছির প্রখর বাড়ার ফলে গবাদি পশু পাখির লাম্পিস্কিন সংক্রামক রোগের প্রাদুর্ভাবের বেড়ে যায়। বিশেষ করে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পিস্কিন ডিজিজ বেশ আক্রান্ত হয়। তাই এমতাবস্থায় ক্ষুরা রোগের ভ্যাকসিন ও পক্স ভ্যাকসিন প্রয়োগ করা ও খামার গুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার একান্ত প্রয়োজন। এমতাবস্থায় সকল ইউনিয়নে ক্যাম্পেইন করে যদি জীবানুনাশক ঔষধ ও ভ্যাকসিন ব্যবহার করা যেতো তাহলে অনেক খামারী ও কৃষকগণ বেশ উপকার পেতো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিলের খাতের বরাদ্দ হতে বরাদ্দ স্বাপেক্ষে ভ্যাকসিন ক্রয় ও বিতরণ প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাই প্রাণিসম্পদ উন্নয়নের জন্য পরিষদের উন্নয়ন তহবিল থেকে বরাদ্দ পাওয়া গেলে বা প্রকল্প প্রনয়ন করা গেলে কাজ করা সম্ভব বলে উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভাকে অবহিত করেন। | | |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, বর্তমান শীত মৌসুমে এসময়ে কাঁচা খেজুর রস খাওয়া থেকে সকলকে বিরত থকার জন্য আহবান করেন। কারণ কাঁচা খেজুরের রস খেলে নিপা ভাইরাস হওয়ার আশংকা রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাঁচা খেজুর রস খাওয়া থেকে সকলকে বিরত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, বর্তমানে দিঘলিয়া উপজেলা পরিবার পরিকল্পনা অফিস উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন ভবনের মধ্যে অবস্থিত। তিনি জানান ভবনটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় ভবনের বিভিন্ন স্থানে ফাটলসহ প্লাস্টার ছাদের ছিলিং হতে খষে খষে পরছে । এ অবস্থায় পরিবার পরিকল্পনা অফিসটি দ্রুত অন্য কোন ভবনে স্থানান্তর করা প্রয়োজন। সভায় বিষয়টি আলোচনান্তে উপজেলা প্রকৌশলী জানান যে, পরিবার পরিকল্পনা অফিসটি স্থানান্তর করার মত সরকারি কোন অফিস ভবন খালি না থাকায়। পরিবার পরিকল্পনা বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচানা করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় সর্বমোট ০৪ (চার) টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র আছে। তন্মধ্যে দিঘলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের ভবন খুব জরাজীর্ণ ও ঝুকিঁপূর্ণ। উহা সংস্কার করার জন্য সংশ্লিষ্ট (HED) এবং অন্যান্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। তিনি আরো বলেন মোট দম্পতি ৯৪,৬৩৫ জন মোট গ্রহনকারী ৭৭,৮৯৮ জন সি আর ৮২.৩১% ইম্প্যান্ট গ্রহণকারী ৪৫ জন আইইউডি গ্রহণকারী ২৬ জন স্থায়ী পদ্ধতি (পুরুষ) ০২ জন স্থায়ী (মহিলা) ২১ জন। প্রসব সেবা ০৬ জন। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিবার পরিকল্পনা অফিসারকে তার বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় মোট বয়স্ক ভাতার পরিমান ৬,৯০১, (ছয় হাজার নয় শত একটি) মোট বিধবা ও স্বামী নিগৃতিতা মহিলা ভাতার পরিমান ৪০০৫, (চার হাজার পাঁচটি) মোট অসচ্ছল প্রতিবন্ধী ভাতার পরিমান ২,৭৬১, (দুই হাজার সাত শত একষট্রি) মোট | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির পরিমান=৪২ (বিয়াল্লিশ) অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তির ৭২ (বাহাত্তর), এবং অনগ্রসর জনগোষ্ঠীর বয়স্ক ভাতার পরিমান=৮৮ (অস্টাশি)। তিনি বলেন ঘূর্ণায়মান তহবিল খাতে সকল খাতে মোট=১৬,৬৪,৬০২/-(ষোল লক্ষ চৌষট্রি হাজার ছয় শত দুই) টাকা আদায় হয়েছে। আদায়যোগ্য ও অনাদায়ী টাকা আদায়ের জোর চেষ্টা চলমান আছে। | অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। বাজেট অনুযায়ী চলতি মাসে ০২ টি ব্যাচে ৬০ জনবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত ০৩ জন যুব ও যুব মহিলাদের মাঝে ৪,৫০,০০০/- টাকার ঋণ প্রদান করা হয়েছে। চলমান ঋণ আদায় শত ভাগ তবে, খেলাপী ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা আনসার ভিডিপি দপ্তর। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, আনসার ভিডিপি অফিসের পিছন সাইটে যে ফাঁকা জায়গাটা আছে সেখানে অফিস চলাকালীন সময়ে বা ছুটির দিনে কিছু দুষ্টু ছেলেরা বিভিন্ন অনৈতিক কার্যকলাপসহ নোংরা করে রাখে। ফলে অফিসের পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি অফিসের কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হয়। এমনকি জানালার একটি গ্লাস ও ভেঙ্গে ফেলছে। এহেনো পরিস্থিতিতে উক্ত অফিসের সামনে বাউন্ডারী ওয়ালসহ একটি গেট প্রয়োজন। এছাড়া অফিসের সামনে একটি বড় মেহগুনি ও নারিকেল গাছ অবস্থিত রয়েছে। উক্ত মেহগুনি গাছের ফল প্রতি মৌসুমে অফিসের টিন সেডের উপরে পড়ে অনেক জায়গায় টিন ছিদ্র হয়ে গেছে। যার ফলে বর্ষাকালে অফিসের ভিতর বৃষ্টির পানি পড়ে অনেক গুরুত্বপূর্ণ ডুকুমেন্ট নষ্ট হয়ে গেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে বহিরাগতদের অবাধে প্রবেশ বন্ধসহ বাউন্ডারি ওয়াল এবং গেট নির্মানের ক্ষেত্রে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তহবিলের আওতায় অত্র উপজেলায় ১ম ২২,৩৭,০০০/-=২২,৩৭,০০০/- (বাইশ লক্ষ সাইত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রথম বরাদ্দ হিসাবে মোট ০৪ কিস্তির সম্ভব্য বরাদদ=৮৯,৪৮,০০০/- টাকা ও চলতি অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর =৭৪,৭১,২৬৫/- টাকার বিপরীতে বিভিন্ন | সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় দ্রুত প্রকল্প গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা | প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা প্রকৌশলী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন থেকে স্কিম গ্রহন এবং স্কিমসমূহ যাচাইবাছাই এর কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন প্রকল্পগুলো টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায় চলতি অর্থবছরে নির্ধারিত সময়ের মধ্যে এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের কাজ সমাপ্ত করা যায় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জনান যে, ভিডব্লিউবি এর আওতায় ২০২৩-২০২৪ চক্র ৩১/১২/২০২৪ তারিখ শেষ হবে। ডিসেম্বর ২৪ মাসের খাদ্যশস্য বিতরন করা হয়েছে। ২০২৫-২০২৬ চক্রের আবেদনে বন্ধ আছে। তিনি বলেন মা ও শিশু সহায়তা কর্মসূচীর নভেম্বর ২০২৪ মাসে ৮৩ জন নতুন উপকারভোগী নির্বাচন করা হয়েছে। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছ। তিনি বলেন ডিসেম্বর ২৪ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে ০১ টি অভিযোগ পাওয়া গেছে। তিনি আরো বলেন ডিসেম্বর ২৪ মাসে ০২ টি উঠান বৈঠক করা হয়ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর। | উপজেলা একাডেমিক সুপার ভাইজার জানান যে, ২০২৫ সালে ৬ ষ্ঠ শ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত নতুন পাঠ্যপুস্তক এখনো পর্যন্ত পাওয়া যায় নি। তিনি আরো জানান যে, নতুন বই পাওয়া মাত্র তা সকল মাধ্যমিক বিদ্যালয়ে মধ্যে বিতরণ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলায় পাঠ্য পুস্তক পাওয়া পর সরকারী বিধি বিধান অনুসারে করে বই বিতরনসহ দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১২ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ জানান যে, যুব উন্নয়ন বিভাগের প্রশিক্ষনকোর্সের কোন প্রকার সংবাদ অত্র ইউ, পি না পাওয়ায় সৃষ্ট জটিলতা নিরসনে সকল বিভাগের প্রধানকে সংশ্লিষ্ট চেয়ারম্যানদের অবগতির মাধ্যমে অনুষ্ঠানাদি করার অনুরোধ করেন।<br>তিনি বলেন অত্র উপজেলার নগরঘাট খেয়াঘাটের দেয়াড়া পাড়ের উঠানামার ঘাটটি কম প্রসস্থ হওয়ায় সাধারণ যাত্রীদের খেয়া থেকে উঠা এবং নামার ঘাটটি বেশি প্রসস্থ করারসহ যাত্রীদের জন্য একটি যাত্রী ছাউনির ব্যবস্থা করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচানান্তে সকল দপ্তর প্রধানগণদের ইউনিয়ন পর্যায়ের দাপ্তরিক কোন অনুষ্ঠান পরিচালনারক্ষেত্রে ইউপি চেয়ারন্যরদেরকে অবহিত করাসহ দেয়াড়া খেয়াঘাটটি প্রসস্থ করার ক্ষেত্রে জেলা পরিষদের পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশী, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী অফিসের নতুন ভবন নির্মাণ হওয়ায় পুরাতন জরাজীর্ণ ভবনটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় উক্ত ভবনটি কনডেম ঘোষনা করে নীলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল, খুলনা | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলীকে জেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরে পত্র প্রেরণের | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল, অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |

**নভেম্বর/ ২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর নভেম্বর /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর নভেম্বর/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৫। মোঃ রোবায়েত হোসেন, অফিস সহায়ক, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের মধুমিতা কোয়াটারের সংস্কার কাজের ব্যায় বিল বাবদ =২৪,৯৫০/-<br>০৬। জনাব মোঃ আব্দুর রহিম, অফিস সহায়ক, মহিলা বিষায়ক অফিস, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তার ওয়াশ রুম, এ কমট ও আনুসঙ্গিক কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>০৭। মেসার্স মোঃ হায়দার আলী মোড়ল, প্রোঃ মোঃ হায়দার আলী মোড়ল, দিঘলিয়া, খুলনা এর নামে দিঘলিয়া উপজেলা পরিষদের প্রধান প্রবেশ গেট নির্মান কাজের বিল বাবদ =৪,৫১,৪৬৭/-<br>০৮। মেসার্স মোঃ হায়দার আলী মোড়ল, প্রোঃ মোঃ হায়দার আলী মোড়ল, দিঘলিয়া, খুলনা এর নামে দিঘলিয়া উপজেলা পরিষদের প্রধান প্রবেশ গেট নির্মান কাজের চুড়ান্ত বিল বাবদ =২৬,০৯৫৭/-<br>০৯। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ০৪ মিটারের অক্টোবার/২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ=২২,৩৪৬/-<br>১০। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/-<br>১১। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/-<br>১২। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১৩। জনাব মোঃ হাফিজুর রহামন, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সেপ্টেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১৪। জনাব বিল্পব হোসেন, প্রকল্প সভাপতি, ইউপি সদস্য,দেয়াড়া, দিঘলিয়া, খুলনা এর নামে দিঘলিয়া উপজেলার নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের বিল প্রদান বাবদ=২,০০,০০০/-<br>১১। মোঃ আজিজুর রহমান প্রকল্প সভাপতি, ইউপি সদস্য, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের অফিস কক্ষের আসবাব পত্র সরবরাহের বিল বাবদ=২,০০,০০০/- | ১২,৫৫,৭৫৯/- |

ঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.১২.২৪

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-১৫৫৫/১

তারিখ: ২৬.১২.২০২৪ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ............................................... সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৭.১২.২৪

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫